



চলো একসাথে গড়ি
বাংলাদেশ

বিসমিল্লাহির রহমানির রহিম



**নির্বাচনী
ইশতেহার
ঢাকা-১৭**
(গুলশান, বনানী, ডাচনটেক ও ক্যান্টনমেন্ট)

**বৈষম্যহীন, দুর্নীতি, চাঁদাবাজি, মাদক
ও সন্ত্রাসমুক্ত সমৃদ্ধ ঢাকা-১৭ গড়ার অঙ্গীকার**

ঢাকা-১৭ রাজধানী ঢাকার সবচেয়ে গুরুত্বপূর্ণ ও বৈচিত্র্যময় আসন। এই আসনে একদিকে যেমন রয়েছে কূটনৈতিক এলাকা, রয়েছে ক্যান্টনমেন্ট এবং শিক্ষিত তথা এলিট শ্রেণির মানুষের বসবাস, তেমনি অপরদিকে রয়েছে সমাজের সবচেয়ে সুবিধাবঞ্চিত মানুষের অবস্থান। ফলে এই অঞ্চলের মানুষের সমস্যা, সংকট ও চাহিদাও ভিন্ন ভিন্ন ও নানামাত্রিক। আমরা এই বাস্তবতা অনুধাবন ও সমস্যা চিহ্নিত করে সে অনুযায়ী সমাধানের বাস্তবসম্মত উপায়ও নির্ধারণ করেছি। ১৭টি মৌলিক বিষয়কে অগ্রাধিকার দেওয়ার পাশাপাশি ভোটের এলাকাভিত্তিক সমস্যাগুলো অ্যাড্রেস করে আমরা ইশতেহার প্রণয়ন করেছি।

১৭ টি মৌলিক অগ্রাধিকার

স্বচ্ছতা ও জবাবদিহিতা

ব্যক্তি স্বাধীনতা, ন্যায্য অধিকার ও সামাজিক নিরাপত্তা

মাদক, সন্ত্রাস, চাঁদাবাজ ও দুর্নীতি প্রতিরোধ

মানসম্মত, সহজ ও সার্বজনীন শিক্ষার প্রসার

উন্নত ও সহজলভ্য স্বাস্থ্যসেবা

নারী ও যুবকদের জন্য বিনামূল্যে প্রশিক্ষণ, সুদবিহীন ক্ষুদ্রঋণ ও কর্মসংস্থান

নারী ও শ্রমিকদের জন্য মানসম্মত ও নিরাপদ কাজের পরিবেশ সৃষ্টি

সুস্থ্যধারার সংস্কৃতি ও শিল্পচর্চা বিকাশ

রাস্তাঘাট ও ড্রেনেজ ব্যবস্থার অবকাঠামোগত উন্নয়ন

জলাবদ্ধতা ও পয়ঃনিষ্কাশন সমস্যার সমাধান

সাম্প্রদায়িক সম্প্রীতি সুরক্ষা

বস্তিবাসীর টেকসই পুনর্বাসন

জুলাই যোদ্ধাদের পুনর্বাসনে সহযোগিতা

লোক ব্যবস্থার উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণ

নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের আবাসন সমস্যার পর্যায়ক্রমে সমাধান

প্রযুক্তিনির্ভর, আধুনিক ও নিরাপদ নগর ব্যবস্থাপনা

বিনিয়োগ ও ব্যবসাবান্ধব টেকসই ব্যবস্থাপনা

ডা. এসএম খালিদুজ্জামান

বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত ও ১১ দল সমর্থিত সংসদ সদস্য প্রার্থী।

১৭টি বিশেষ উদ্যোগ

- ০১ ঘরে ঘরে স্মার্ট সোশ্যাল সিকিউরিটি কার্ড
- ০২ নারীদের সম্মানজনক ও নিরাপদ কর্মসংস্থানের লক্ষ্যে 'আমার আয়ের সংসার' প্রকল্প
- ০৩ দুর্নীতি ও চাঁদাবাজি নিয়ন্ত্রণে 'ডিজিটাল পাহারাদার' অ্যাপস
- ০৪ 'ওয়ান সিটিজেন ওয়ান কার্ড' ফর্মুলার আওতায় ডিজিটাল হেলথ কার্ড
- ০৫ প্রবীণ ও দীর্ঘমেয়াদি রোগগ্রস্তদের জন্য বিশেষ Homecare Services
- ০৬ Discount Pharmacy
- ০৭ স্বল্পমূল্যে অ্যাম্বুলেন্স সার্ভিস, রক্তের চাহিদা পূরণে কল সেন্টার ও অ্যাপসভিত্তিক সেবা
- ০৮ Senior Citizens Club
- ০৯ আইওটি ভিত্তিক ট্রাফিক ব্যবস্থাপনা
- ১০ স্মার্ট লাইব্রেরি ও ই-লার্নিং সুবিধা
- ১১ নারী স্বাস্থ্য ও শরীরচর্চা কেন্দ্র, নারী স্বাস্থ্য ইউনিট, বয়স্ক নারী শিক্ষাকেন্দ্র, স্বতন্ত্র ট্রান্সপোর্ট, পাবলিক টয়লেট, বাজার, ব্রেস্টফিডিং কর্নার ও নামাজের জায়গা
- ১২ যুবকদের কর্মসংস্থানে 'দক্ষতা' শীর্ষক অ্যাপস ব্যবহার। বিনামূল্যে প্রশিক্ষণ ও বৃত্তিমূলক ব্যবস্থা
- ১৩ ডিজিটাল সিটি ট্রাভেল পাস
- ১৪ গণপরিবহনে ডিজিটাল পেমেন্ট সিস্টেম
- ১৫ ওয়ার্ডভিত্তিক Wholesale Shop
- ১৬ Free Friday Hawker Fair
- ১৭ নাগরিক নিবন্ধন ও সেবায় Hello Dhaka-17 Hotline



চলো একসাথে গড়ি
বাংলাদেশ

১৭টি স্থানীয় সমস্যার অগ্রাধিকার ভিত্তিক সমাধান



চাঁদাবাজি, দুর্নীতি, মাদক ও সন্ত্রাস নিয়ন্ত্রণ : স্থানীয় পর্যায়ে স্বাধীন ও রাজনৈতিক প্রভাবমুক্ত চাঁদাবাজি ও দুর্নীতি মনিটরিং সেল গঠন। সামাজিক সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ, নৈতিক শিক্ষা সম্প্রসারণ, মাদক, ছিনতাই, চুরি, কিশোর গ্যাং, সন্ত্রাস ও অনিয়ন্ত্রিত ব্যবসা প্রতিরোধে নিয়মিত মনিটরিং ও দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতকরণ।

লেকের আধুনিকায়ন ও ফুটপাথ দখলমুক্তকরণ: গুলশান-বনানী লেকের আধুনিকায়ন, সবুজায়ন ও দুর্গন্ধমুক্তকরণ। লেক ও ফুটপাথ দখলমুক্তকরণ, অবৈধ দোকান উচ্ছেদ ও বিকল্প বাজার ব্যবস্থাপনা সম্প্রসারণ।



সড়ক উন্নয়ন ও যানঘটনা নিরসন: গুলশান লিংক ও বাড্ডা রোড প্রশস্তকরণ, ইউটার্ন রোড, ইন্ডিয়ান অ্যাস্ফাল্ট প্যাথের একমুখী রাস্তাকে দ্বিমুখী রাস্তায় রূপান্তর, ফিলপাড হয়ে গুলশানের প্রবেশমুখে বিকল্প রাস্তা পরিকল্পনা, ইসিবি থেকে কালীবাড়ি হয়ে উত্তরা পর্যন্ত রাস্তা প্রশস্তকরণ, সাগুফতা থেকে বের হওয়া চারটি রাস্তার সংস্কার, মানিকদি মাছের বাজার থেকে স্টিল ব্রিজ পর্যন্ত সংস্কার এবং ভাষানটেক থেকে চেকপোস্ট পর্যন্ত যানজট সমস্যার সমাধান। শাহজাদপুর বাসস্ট্যান্ড এলাকায় নির্মিতব্য ফুটওভার নির্মাণ কার্য দ্রুত সম্পন্নকরণ ও বনানী থেকে কচুক্ষেত হয়ে মিরপুর ১৪ পর্যন্ত আভারপাস স্থাপন। অবৈধ পার্কিং নিয়ন্ত্রণ, গুলশান, বনানী ও মহাখালীতে মাল্টিস্টোরি পার্কিং কমপ্লেক্স নির্মাণ ও ট্রাফিক কন্ট্রোল।

ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন ও জলাবদ্ধতা নিরসন: ড্রেনেজ ব্যবস্থার অবকাঠামোগত উন্নয়ন, জলাবদ্ধতা অপসারণ ও নিয়মিত পরিষ্কারকরণ। বিশেষ করে ক্যান্টনমেন্টের বেপারী মার্কেট এলাকার সুয়ারেজ লাইন সংস্কার ও মাটিকাটা ও ইসিবি চত্বরের পাশের থানপল্লী এলাকার জলাবদ্ধতা নিরসন।



আধুনিক ও পরিবেশবান্ধব নগরায়ন: অপরিবর্তনীয় ও অনুমোদনহীন ভবন নির্মাণ রোধ, পরিবেশবান্ধব বায়োগ্যাস ও সৌরবিদ্যুৎ প্ল্যান্ট স্থাপন, আভারগ্রাউন্ড লাইনিং, সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার ও উচ্চগতির ইন্টারনেট সুবিধা নিশ্চিতকরণ।

জননিরাপত্তা নিশ্চিতকরণ: ইমার্জেন্সি সার্ভিস পোল স্থাপন, রাস্তাঘাট ও অফিস-আদালতে সিসিটিভি স্থাপন, পর্যাপ্ত ফ্রিট লাইটের ব্যবস্থা, সকল ফাঁড়ি ও চেক-পোস্ট নজরদারি বাড়ানো।



যানবাহন ব্যবস্থার উন্নয়ন: বিদ্যুৎচালিত যানবাহনের কাঠামোগত উন্নয়ন, অটোরিকশা চালকদের ড্রাইভিং লাইসেন্স, বাইক ও অটোরিকশার জন্য নির্ধারিত রুট ও আলাদা লেন এবং পর্যাপ্ত চার্জিং স্টেশন স্থাপন।

বিদ্যুৎ, গ্যাস ও পানির সংকট দূরীকরণ: বিদ্যুৎ, গ্যাস ও পানির সংকট দূরীকরণ, নিয়মিত রক্ষণাবেক্ষণ ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ।



স্বাস্থ্যকর পরিবেশ উন্নয়ন: যত্নতত্ব ময়লা ফেলা বন্ধ করা, দুর্গন্ধ, মশার উপদ্রব ও ডেঙ্গু নিয়ন্ত্রণ। প্লাস্টিক ও পলিথিনমুক্তকরণ, বৃক্ষরোপণ, শব্দদূষণ হ্রাস ও শ্রবণস্বাস্থ্য সুরক্ষা।

শারীরিক ও মানসিক উন্নয়ন: সুস্থ্য বিকাশের অংশ হিসেবে ভোটার এলাকায় একাধিক খেলার মাঠ, বিনোদন কেন্দ্র ও কিডস কর্নার স্থাপন।



মানসম্মত শিক্ষা ও স্বাস্থ্যব্যবস্থা সম্প্রসারণ: ভাষানটেক ও ক্যান্টনমেন্টের আশপাশের এলাকায় মানসম্মত সরকারি স্কুল ও কলেজ, সরকারি হাসপাতাল, ট্রমা সেন্টার ও কমিউনিটি সেন্টার স্থাপন। পথশিশু ও নিরক্ষর বয়স্কদের জন্য বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করে তাদের শিক্ষিত ও দক্ষ করে সমাজের মূলধারায় সম্পৃক্তকরণ।

মাতৃত্বকালীন ও নবজাতক সেবা: বিনামূল্যে মাতৃত্বকালীন ও নবজাতক সেবা, শ্বাটোর্থ ও পাঁচ বছরের নিচে শিশুর বিনামূল্যে চিকিৎসা, বিশেষায়িত নারী ও প্রবীণ হাসপাতাল স্থাপন।



নিয়মিত চিকিৎসা সেবা: নিয়মিত কর্মসূচির আওতায় বিনামূল্যে চোখের ছানি অপারেশন, সুন্নতে খতনা, চক্ষু শিবির, রক্তদান কর্মসূচি ও স্বাস্থ্য ক্যাম্প আয়োজন, বিনামূল্যে লাশবাহী ফ্রিজিং গাড়ি ও দাফন কার্যক্রমে প্রয়োজনীয় সহায়তা, কলসেন্টার ও অ্যাপসভিত্তিক রক্ত সরবরাহ সেবা।



চলো একসাথে গড়ি
বাংলাদেশ



কর্মসংস্থান ও শিক্ষাবৃত্তি: যুবক, নারী উদ্যোক্তা ও নিম্ন আয়ের মানুষের কর্মসংস্থানে ক্ষুদ্র ঋণ কিংবা কর্মে হাসানার ব্যবস্থা। বিনামূল্যে কারিগরি প্রশিক্ষণ ও বৃত্তির ব্যবস্থা রাখা।

বস্তিবাসীর টেকসই উন্নয়ন: কড়াইল, সাততলা, বেলতলা ও ভাষানটেক বস্তির অস্থায়ী ও ঝুঁকিপূর্ণ ঘরবাড়ি পুনর্নির্মাণ, খাল সংস্কার, অপরাধ টয়লেট সমস্যার সমাধান, বিশুদ্ধ পানির ব্যবস্থা, ডিপ টিউবওয়েল ও ওয়াটার ফিল্টার স্থাপন, জরুরি সেবা পৌছানোর বিকল্প রাস্তা নির্মাণ, মালিকানা বিরোধ নিষ্পত্তি, পুনর্বাসন ও টেকসই উন্নয়ন।



সামাজিক অধিকার: প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা, শিক্ষা, কর্মসংস্থান ও পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ, তৃতীয় লিঙ্গের মানুষের অধিকার ও সামাজিক মর্যাদা নিশ্চিত করা। বিশেষ করে হতদরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর শিক্ষার অধিকার নিশ্চিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

ধর্মীয় সম্প্রীতি সুরক্ষা ও জীবনমান উন্নয়ন: নন্দা, কালাচাঁদপুরসহ অন্যান্য এলাকায় বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়ন ও ধর্মীয় সম্প্রীতি রক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া।



আমার বিশেষ অগ্রাধিকারের মধ্যে রয়েছে এয়ারপোর্ট রোড এড়িয়ে চলার অংশ হিসেবে নেভি হেড কোয়ার্টারস থেকে সেনাকুঞ্জ পর্যন্ত আন্ডারপাস, কচুক্ষেত থেকে বনানী পর্যন্ত আন্ডারপাস কিংবা ফ্লাইওভার, ওয়ান র‍্যাক্স ওয়ান পেনশন পলিসি বাস্তবায়ন এবং অবসরপ্রাপ্ত সৈনিকদের স্ত্রীদের চিকিৎসার জন্য সরকারি হাসপাতাল প্রতিষ্ঠা।

বাসার ময়লার বিল ও ওয়াইফাই এর বিল ৪০% কমানোর সর্বোচ্চ উদ্যোগ নেয়া হবে। এছাড়াও সিটি কর্পোরেশনের সাথে সমন্বয় করে হোল্ডিং টেক্স ২৫% এবং পর্যায়ক্রমে গ্যাস ও বিদ্যুৎ এর বিল কমানোর চেষ্টা করা হবে ইনশাআল্লাহ।

পরিশেষে এলাকাবাসীর দোয়া ও সহযোগিতা চাই। ১২ ফেব্রুয়ারি আপনাদের ভোটে নির্বাচিত হলে একটি বৈষম্যহীন, দুর্নীতিমুক্ত ও সমৃদ্ধ স্বপ্নের ঢাকা-১৭ গড়ে তুলতে পারব ইনশা আল্লাহ। আল্লাহ আমাদের সহায় হোন

সং, দক্ষ ও দেশপ্রেমিক নেতৃত্ব

“
আমরা জাতির
আসক হবো না
সেবক হবো



দাঁড়িপাল্লায় ভোট দিন বাংলাদেশ বুঝে নিন

আমার
ঘর
আমার
চিকিৎসা

স্বাস্থ্যসেবা ক্লিনিক

চিকিৎসা

প্রতিটি বস্তিতে স্বাস্থ্যসেবা ক্লিনিক

মা-শিশু স্বাস্থ্য, জরুরি সেবা ও দুর্ঘটনা
সাপোর্ট

স্বাস্থ্যকর্মী নিয়োগ

রোগ প্রতিরোধ, পুষ্টি ও স্বাস্থ্য সম্পর্কে
শিক্ষা প্রদান



চলো একসাথে গড়ি
বাংলাদেশ

আমার
ঘর
আমার
চিকিৎসা

সুদমুক্ত ঋণ

- ▶ ঘর মেরামত, টয়লেট ও বিদ্যুৎ উন্নয়নে সুদমুক্ত ঋণ
- ▶ টাকা প্রযসা সঞ্চয়ে নিরাপদ কমিটি
- ▶ ছোট ব্যবসা ও কাজের সরঞ্জামে সহায়তা
- ▶ আগুন বা দুর্যোগে ঋণ পরিশোধে বিরতি



চলো একসাথে গড়ি
বাংলাদেশ

আমার
ঘর
আমার
টিকানা



পানি, বিদ্যুৎ ও টয়লেট

- ▶ বৈধ বৈদ্যুতিক সংযোগ
- ▶ দালালি বন্ধে মিটার ব্যবস্থা
- ▶ ন্যায্য বিল নিশ্চিত করা
- ▶ পরিবারভিত্তিক পরিচ্ছন্ন টয়লেট
- ▶ নিয়মিত দেখাশুনার কাজে বাসিন্দা কমিটিকে দায়িত্ব প্রদান



চলো একসাথে গড়ি
বাংলাদেশ

আমার
ঘর
আমার
ঠিকানা

বসবাসের নিশ্চয়তা

- ▶ পরিবারভিত্তিক তালিকা ও ঘর বরাদ্দ
- ▶ উচ্ছেদ বন্ধে বসবাসের লিখিত চুক্তি
- ▶ প্রতিটি ঘরের আলাদা ঠিকানা প্রদান
- ▶ বিকল্প ছাড়া উচ্ছেদ নয়



চলো একসাথে গড়ি
বাংলাদেশ

আমার
ঘর
আমার
চিকিৎসা

নিরাপদ বাসস্থান

চাঁদাবাজি, ভয় দেখানো ও জোরপূর্বক
রাজনৈতিক ব্যবহার বন্ধ

স্থানীয় পর্যায়ে অভিযোগ গ্রহণ ও দ্রুত
ব্যবস্থা গ্রহণ

বস্তি উন্নয়নে জাতীয় বস্তি উন্নয়ন
কমিশন গঠন



চলো একসাথে গড়ি
বাংলাদেশ

আমার
ঘর
আমার
চিকিৎসা

নিরাপদ ঘর

ঝড়-বৃষ্টি কিংবা আগুন থেকে নিরাপদ
রাখতে ঘরের মান বাড়ানো

জরুরি চলাচলের পথ ও খোলা জায়গা
নির্ধারণ করা

ধাপে ধাপে ঘর মেরামত

নিজের ঘর নিজেই মেরামত করতে
ট্রেনিং প্রদান



চলো একসাথে গড়ি
বাংলাদেশ